দৈনিক
ইত্তেফাক

তারিখ 21 AUG 2016 পৃষ্ঠা ১৫ কলাম ২

# এইচএসসিতে শতভাগ পাসের গৌরব অর্জন করেছে যেসব প্রতিষ্ঠান

■ ইত্তেফাক ডেস্ক

চলতি বছরের এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ হয়েছে গত বৃহস্পতিবার। পরীক্ষার্থীরা শতভাগ পাস করেছে এমন শিক্ষা প্রতিষ্ঠানের খবর দেশের বিভিন্ন স্থান থেকে পাঠিয়েছেন ইত্তেফাক প্রতিনিধি ও সংবাদদাতারা।

**কুমিল্লা :** কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীন আটটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে শতভাগ পরীক্ষার্থী উত্তীর্ণ হয়েছে। এরমধ্যে পাঁচটির অবস্থান কুমিল্লা জেলায়। অপর তিনটির মধ্যে চাঁদপুর জেলার দু'টি ও ফেনী জেলার একটি কলেজ রয়েছে।

শতভাগ উত্তীর্ণ শিক্ষা প্রতিষ্ঠানগুলো হলো—কুমিল্লা সদর উপজেলার কুমিল্লা ক্যাডেট কলেজ, বুড়িচং উপজেলার সোনার বাংলা কলেজ, সদর দক্ষিণ উপজেলার ক্যামব্রিয়ান স্কুল এন্ড কলেজ ও ক্রিয়েটিভ ইন্টারন্যাশনাল কলেজ, বরুড়া উপজেলার তুলাগাঁও মহিলা কলেজ, চাঁদপুর জেলার ড. মনসুরউদ্দিন মহিলা কলেজ ও হাজীগঞ্জ কমার্স কলেজ এবং ফেনী জেলার ফেনী গার্লস ক্যাডেট কলেজ।

ফলাফলে শতভাগ উত্তীর্ণ বুড়িচং উপজেলার সোনার বাংলা কলেজের অধ্যক্ষ সেলিম রেজা সৌরভ বলেন, এ বছর এ কলেজ থেকে ৩১৯ জন পরীক্ষায় অংশগ্রহণ করে সকলেই উত্তীর্ণ হয়েছে। এদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে বিজ্ঞান বিভাগে ৭২ জন, মানবিক বিভাগে ৪ জন ও ব্যবসায় শিক্ষা বিভাগে ১৫ জনসহ মোট ৯১ জন।

**টঙ্গীতে শতভাগ পাস করেছে আইডিয়াল কলেজ :** গাজীপুরের টঙ্গীতে ঢাকা বোর্ডের অধীন টঙ্গী আইডিয়াল কলেজের এইচএসসি পরীক্ষার্থীরা শতভাগ পাস করেছে। এই কলেজ থেকে এইচএসসি পরীক্ষায় ৩০ জন শিক্ষার্থীর সবাই উত্তীর্ণ হয়েছে।

**হামদর্দ পাবলিক কলেজে শতভাগ পাস :** এবারের এইচএসসি পরীক্ষায় ঢাকা বোর্ডের অধীন হামদর্দ পাবলিক কলেজে শতভাগ পাস করেছে। এ বছর হামদর্দ পাবলিক কলেজ থেকে ১৪২ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে সকলে পাস করেছে। ১৪২ জন পরীক্ষার্থীর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ৯৫ জন। উল্লেখ্য, বিজ্ঞান বিভাগের ৪২ জন ছাত্রীর মধ্যে সবাই জিপিএ-৫ পেয়েছে।

**চৌগাছা (যশোর) :** এবারের এইচএসসি পরীক্ষায় যশোরের চৌগাছার জিসিবি আদর্শ কলেজ থেকে শতভাগ পরীক্ষার্থী পাস করেছে। এ কলেজ থেকে এবার ৫০ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে সবাই পাস করে।

উল্লেখ্য, গতবছর যশোর শিক্ষা বোর্ডের ফল বিপর্যয়ের মধ্যেও এই কলেজ থেকে ৯৯ শতাংশ পাস করেছিল। এছাড়া মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে উপজেলার তিনটি মাদ্রাসায় শতভাগ পাস করেছে। মাদ্রাসাগুলো হলো — চৌগাছা কামিল মাদ্রাসা থেকে ৩৯ জন, ডিএমসিইউ আলিম মাদ্রাসা থেকে ২৪ জন, সিংহঝুলি আলিম মাদ্রাসা থেকে ১৬ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে সবাই পাস করেছে।